গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.nicvd.gov.bd

নম্বর-এনআইসিভিডি/প্রশা/নিয়োগ-২০২৪/৬৭১৪

তারিখ: ১৬ শ্রাবণ, ১৪৩২ / ৩১ জুলাই, ২০২৫

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ, প্রশাসন-১ শাখার স্মারক নং-স্বাসেবি/প্রশা-১/এডি/২সি-৫/২০১০-৯০৮, তারিখঃ ২৪ এপ্রিল, ২০২৪ খ্রি. এবং স্মারক নং ৪৫.০০.০০০০.০০০.১৪০.১১.০০০৮.২৫.৭২৪, তারিখ: ১৬ মার্চ, ২০২৫ খ্রি. মোতাবেক এনআইসিভিডি, ঢাকায় রাজস্ব খাতের পূর্বতন ৩য় শ্রেণির (১৩-১৬গ্রেড) নিম্ন লিখিত শূন্য পদ সমূহে জনবল নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকগণের নিকট হতে নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে অনলাইন (Online) - এ (http://nicvd.teletalk.com.bd) ওয়েবসাইটে আবেদন আহবান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত কোন প্রকার আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জা. বে. স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা ও প্রকৃতি | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১. | কম্পিউটার অপারেটর<br>(গ্রেড-১৩)<br>১১,০০০-২৬,৫৯০/- | ০১<br>(এক) টি<br>(অস্থায়ী) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। |
| ২. | সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর<br>(গ্রেড-১৩)<br>১১,০০০-২৬,৫৯০/- | ০১<br>(এক) টি<br>(স্থায়ী) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল ও ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>(ঘ) সাঁটলিপি এর সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৮০ শব্দ ও বাংলায় ৫০ শব্দ; এবং<br>(ঙ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ শব্দ ও বাংলায় ২৫ শব্দ থাকতে হবে। |
| ৩. | সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>(গ্রেড-১৪)<br>১০,২০০-২৪,৬৮০/- | ০৩ (তিন) টি<br>(২টি স্থায়ী, ১টি অস্থায়ী) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল ও ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>(ঘ) সাঁটলিপি এর সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৭০ শব্দ ও বাংলায় ৪৫ শব্দ; এবং<br>(ঙ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ শব্দ ও বাংলায় ২৫ শব্দ থাকতে হবে। |
| ৪. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>(গ্রেড-১৬)<br>৯,৩০০-২২,৪৯০/- | ০৮<br>(আট)টি<br>(স্থায়ী) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল ও ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে; এবং কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় অন্যূন ২০ শব্দ এবং ইংরেজিতে অন্যূন ২০ শব্দের গতি থাকতে হবে। |
| ৫. | ডাটা এন্ট্রি অপারেটর<br>(গ্রেড-১৬)<br>৯,৩০০-২২,৪৯০/- | ০২<br>(দুই)টি<br>(স্থায়ী) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং |

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জা. বে. স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা ও প্রকৃতি | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| | | | (খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। |
| ৬. | ক্যাশিয়ার (গ্রেড-১৬) ৯,৩০০-২২,৪৯০/- | ০১ (এক) টি (স্থায়ী) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ৭. | লিনেন কিপার (গ্রেড-১৬) ৯,৩০০-২২,৪৯০/- | ০১ (এক) টি (স্থায়ী) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ৮. | রিসিপশনিস্ট (গ্রেড-১৬) ৯,৩০০-২২,৪৯০/- | ০২ (দুই) টি (স্থায়ী) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ৯. | টেলিফোন অপারেটর (গ্রেড-১৬) ৯,৩০০-২২,৪৯০/- | ০৩ (তিন) টি (স্থায়ী) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ১০. | ইনস্ট্রুমেন্ট কেয়ারটেকার (গ্রেড-১৬) ৯,৩০০-২২,৪৯০/- | ০৩ (তিন) টি (স্থায়ী) | কোন স্বীকৃত বোর্ড হতে ইলেক্ট্রিক্যাল বা মেকানিক্যাল ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১১. | টেকনিশিয়ান হার্ট এন্ড লাং (গ্রেড-১৬) ৯,৩০০-২২,৪৯০/- | ০২ (দুই) টি (স্থায়ী) | কোন স্বীকৃত বোর্ড হতে জীববিজ্ঞানসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১২. | গাড়ি চালক (গ্রেড-১৫) ৯,৭০০-২৩,৪৯০/- | ১০ (দশ) টি (স্থায়ী) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) ভারী গাড়ি চালনার বৈধ ভারী ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে।<br>(গ) অভিজ্ঞতাসম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাবেন। |

২। **নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:**

ক. **০১ আগস্ট, ২০২৫** তারিখে প্রার্থীর বয়স ১৮-৩২ বছর হতে হবে। বয়স প্রমানের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

খ. বর্ণিত ছকে ২, ৩ ও ৪ নং ক্রমিকে উল্লিখিত পদের বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

গ. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে।

ঘ. চাকরিরত বিভাগীয় প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় **Departmental Candidate** এর ঘরে টিক চিহ্ন (√) দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

ঙ. নিয়োগে কোটা ও বয়সের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

চ. লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

ছ. সকল পদের পরীক্ষা একই তারিখে অনুষ্ঠিত হওয়ার সম্ভাবনা থাকায় কোনো আবেদনকারী একাধিক পদে আবেদন করতে পারবেন না।

জ. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

ঝ. সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকের ১ ও ৫ নং ক্রমিকের শূন্য পদ পূরণে 'সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯;' ২, ৩ ও ৪ নং ক্রমিকের শূন্য পদ পূরণে 'মন্ত্রনালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯;' ৬, ৭, ৮, ৯, ১০ ও ১১ নং ক্রমিকের শূন্য পদ পূরণে 'বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮' এবং ১২ নং ক্রমিকের শূন্য পদ পূরণে 'সরকারি যানবাহন অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা ২০২০' অনুসরণ করা হবে।

ঞ. কম্পিউটার অপারেটর, সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর, সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, ডাটা এন্ট্রি অপারেটর, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ও গাড়িচালক পদের ক্ষেত্রে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা শুধু ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশগ্রহনের যোগ্য হবেন।

ট. নিয়োগ সংক্রান্তে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৩। **আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলি :**

ক. পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক প্রার্থীগণ http://nicvd.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১১/০৮/২০২৫ সকাল ৯:০০ টা।

ii Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৭/০৯/২০২৫ বিকাল ৫:০০ টা।
উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এককপি জমা দিবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান : Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে **নির্দেশনামতে** ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে **কম্পিউটারে ছবিসহ** Application Preview **দেখা যাবে।** আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy **পাবেন।** যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর **সঠিক** না থাকে তাহলে পুনরায় আবেদন করতে **পারবেন।** তবে আবেদন ফি জমাদা**নের** পরে আর কোন **পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন** গ্রহণযোগ্য নয় **বিধায়** আবেদন ফি **জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই** উক্ত Applicant's Copy তে তার সাম্প্র**তিক** তোলা **রঙিন ছবি, নির্ভুল** তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর **সঠিকতার বিষয়টি নিশ্চিত করবেন।** উক্ত Applicant's copy প্রার্থী রঙিন প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে। উক্ত User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে **পরীক্ষার ফি বাবদ ১০০/-(একশত) টাকা ও Teletalk-এর সার্ভিস চার্জ বাবদ ১২/-(বারো) টাকাসহ মোট ১১২/-(একশত বারো) টাকা ৭২** ঘন্টার মধ্যে জমা দিবেন। তবে সকল গ্রেডের পদের ক্ষেত্রে অনগ্রসর শ্রেণির (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) প্রার্থীরা আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/-(ছয়) টাকা সহ সর্বমোট ৫৬(ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য,"Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।''

**প্রথম SMS:** NICVD<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

**Example:** NICVD ABCDEF

Reply: **Applicant's Name, Tk.112 or Tk. 56 will be charged as application fee. Your PIN is xxxxxxxxxx.** To pay fee **Type NICVD<Space>Yes<Space>PIN and send to 16222.**

**দ্বিতীয় SMS:** **NICVD**<space>**YES**<space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

**Example :** NICVD YES xxxxxxxxxx

Reply: **Congratulations Applicant's Name, payment completed successfully for NICVD Application for xxxxxxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).**

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://nicvd.teletalk.com.bd বা জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতালের Website: www.nicvd.gov.bd এর নোটিশ অপশনে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যম (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে: **NICVD**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222.
Example: NICVD HELP USER ABCDEF

ii. PIN Number জানা থাকলে: **NICVD**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & Send to 16222.
Example: NICVD HELP PIN 12345678

ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতালের ওয়েবপোর্টাল (www.nicvd.gov.bd) এবং http://nicvd.teletalk.com.bd অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য (www.nicvd.gov.bd) ওয়েব সাইটের নোটিশ অপশনে প্রকাশ করা হবে এবং sms এর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।

ঞ. অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে 121 অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জব পোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (মেইল/মেসেজ এর subject- এ Organization Name: **NICVD**, Post Name:***, Applicant's User ID Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

ট. **ডিক্লারেশন:** প্রার্থীকে আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমানিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৪. **প্রার্থীর যোগ্যতা যাচাই:**

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোনো প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে:

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা বা প্রশিক্ষণ সনদপত্রসহ);

(খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন/ক্যান্টনমেন্ট বোর্ডের বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/ক্যান্টনমেন্ট বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র;

(গ) কোটা দাবীর সমর্থনে প্রার্থীকে সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ফটোকপি;

(ঘ) আবেদনকারী মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান হলে প্রমাণক হিসেবে আবেদনকারীকে (সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার গেজেট/ ভারতীয় তালিকা/ লাল মুক্তিবার্তা/সাময়িক সনদের নম্বর ও তারিখ/বামুস সনদের নম্বর ও তারিখ উল্লেখপূর্বক) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;

(ঙ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

(চ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ;

(চ) জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) এর সত্যায়িত ফটোকপি;

(ছ) Online-এ পূরণকৃত আবেদনপত্র (Applicant's copy) ও প্রবেশপত্রের কপি।

৫. উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেওয়া যাচ্ছে।

জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল-এর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল -এর টেলিটক পোর্টালের QR Code

(অধ্যাপক ডা. আব্দুল ওয়াদুদ চৌধুরী)
পরিচালক ও অধ্যাপক
ও
সভাপতি
বিভাগীয় নির্বাচন কমিটি
জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল।